দৈনিক সংবাদ

তারিখ 06 JAN 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

25

# উপাচার্যের পদত্যাগ দাবি বুয়েটে ছাত্র ধর্মঘট পালন

(বুয়েট সংবাদদাতা)

গতকাল বুধবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য এই ধর্মঘট আহ্বান করে।

জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (ম-ই), ছাত্রলীগ (বা-কা) ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সমন্বয়ে সর্বদলীয় ছাত্রঐক্য গঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ধর্মঘট প্রত্যাহারের পর গতকালই শিক্ষকদের ক্লাসে যোগদানের কথা ছিল। শিক্ষকরা তাদের দু' দফা দাবিতে গত ৮ই ডিসেম্বর থেকে ৪ঠা জানুয়ারি পর্যন্ত ধর্মঘট করেন।

গতকাল সকালে ধর্মঘটের সমর্থনে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃত্বে ছাত্রছাত্রীদের

বুয়েট ঃ পৃঃ ৬ কঃ ৮

## বুয়েট ঃ ধর্মঘট পালন

( ১ম পৃষ্ঠার পর )

একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে। মিছিলশেষে ক্যাফেটেরিয়া এলাকায় একটি সংক্ষিপ্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রনেতারা উপাচার্যের পদত্যাগ দাবি করে বলেন, বর্তমান উপাচার্য বিশ্ববিদ্যালয় প্রশাসন চালাতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন।